

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

প্রশাসন শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,

ঢাকা-১০০০।

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.১০৭

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮

০৮ সেপ্টেম্বর ২০২১

বিষয়: কোভিড-১৯ অতিমারি বিবেচনায় জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি প্রতিপালন পূর্বক মাদ্রাসার শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে রুটিন প্রণয়ন প্রসঙ্গে।

সূত্র: (১)টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০.০৪০.৯৯.০০৭.২০.১০৩৩, তারিখ: ০৮/০৯/২০২১

(২)মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭-১০৬, তারিখ: ০৬/০৯/২০২১

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে ১৮/০৩/২০২০ খ্রি. থেকে দেশের সকল মাদ্রাসায় শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। সূত্রোক্ত ১ নং স্মারক মোতাবেক কোভিড-১৯ পরিস্থিতি ক্রমান্বয়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত হওয়ায় সরকার ১২/০৯/২০২১ খ্রি. থেকে পর্যায়ক্রমে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্বাভাবিক শ্রেণি কার্যক্রম শুরুর সিদ্ধান্ত গ্রহণ করেছে। ইতোমধ্যে সূত্রোক্ত ২ নং স্মারকে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি প্রতিপালন করে শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম চালুর লক্ষ্যে প্রাক-প্রস্তুতিমূলক গাইড লাইন প্রকাশ করা হয়েছে। মাদ্রাসার শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ক্লাস রুটিন প্রণয়নের জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ আদেশক্রমে প্রদান করা হলোঃ

১) ২০২১ ও ২০২২ সালের দাখিল ও আলিম পরীক্ষার্থী এবং এবতেদায়ী ৫ম শ্রেণির শিক্ষার্থীরা প্রতিদিন মাদ্রাসায় আসবে;

২) ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণির শিক্ষার্থীরা সপ্তাহে ০১ (এক) দিন মাদ্রাসায় আসবে;

৩) সপ্তাহে প্রতিদিন নির্দিষ্ট শ্রেণিতে ২ (দুই)টি করে ক্লাস ধরে প্রতিটি মাদ্রাসা রুটিন প্রণয়ন করবে;

৪) রুটিনের সাথে প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ক্লাসসমূহ নির্ধারণ করা যেতে পারে;

৫) যে সকল মাদ্রাসায় এবতেদায়ী, দাখিল ও আলিম স্তর সংযুক্ত রয়েছে সেসকল মাদ্রাসায় ঐ সকল স্তরের জন্য নির্ধারিত ক্লাসসমূহ সমন্বয় করে রুটিন প্রণয়ন করবে;

৬) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদ্রাসাসমূহে চলমান ফাযিল, সন্মান ও কামিল পরীক্ষার সাথে সমন্বয় সাপেক্ষে ২০২১ ও ২০২২ সালের আলিম পরীক্ষার্থীদের জন্য রুটিন প্রণয়ন করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করবে;

৭) রুটিন প্রণয়নের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন শিক্ষার্থীদের মাদ্রাসায় প্রবেশ/প্রস্থান/অবস্থানের সময় স্বাস্থ্যবিধি লঙ্ঘিত না হয়;

৮) রুটিন এমনভাবে প্রস্তুত করতে হবে যেন ভিন্ন ভিন্ন শ্রেণির শিক্ষার্থীরা ভিন্ন ভিন্ন সময়ে মাদ্রাসায় প্রবেশ করে এবং মাদ্রাসা থেকে বের হয়;

৯) মাদ্রাসায় আপাততঃ অ্যাসেম্বলি বন্ধ থাকবে;

১০) উপরিলিখিত নির্দেশনা মোতাবেক প্রতিদিন তথ্যাদি প্রেরণ করতে হবে (ddadmeb@gmail.com);

১১) পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত ক্লাস রুটিন তৈরীর ক্ষেত্রে উপর্যুক্ত বিষয়সমূহ অনুসরণ করতে হবে।

৮-৯-২০২১

মোঃ সাইফুল ইসলাম

উপ-পরিচালক

বিতরণ :

১) অধ্যক্ষ ..... (সকল সরকারি মাদ্রাসা)

২) অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান .....(সকল বেসরকারি মাদ্রাসা)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৪) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম/ঢাকা
- ৫) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
- ৭) জেলা প্রশাসক (সকল)
- ৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৯) উপপরিচালক, মাউশি ..... (সকল অঞ্চল)
- ১০) সকল জেলা শিক্ষা কর্মকর্তা, বাংলাদেশ
- ১১) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
- ১২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাশিঅ।



৮-৯-২০২১

মাহফুজা ইয়াছমিন  
সহকারী পরিচালক